

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৯
আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্প
নলছড়ের কর্ণ নমঃ সম্মানিত

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পটি রাজমিস্ত্রী, দর্জি, ছুতোর, নাপিত, হস্তকার শিল্পী, পুতুল প্রস্তুতকারক, মালা প্রস্তুতকারক, কুমোর ইত্যাদির মতো ১৮টি নির্দিষ্ট ব্যবসায় ঐতিহ্যবাহী কারিগর এবং আর্টিসানদের সাহায্য করার লক্ষ্যে গতবছর ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উদ্বোধন করেছিলেন। রাজ্য সরকার ত্রিপুরার সমস্ত জেলায় এই প্রকল্প রূপায়ণ করেছে। এই প্রকল্পের অধীনে, আর্টিসান ও কারিগরদের দক্ষতা প্রশিক্ষণের পরে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা শংসাপত্র এবং আইডি কার্ডের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হচ্ছে। ঐতিহ্যবাহী কারিগরদের কাছ থেকে উৎসাহজনক প্রতিক্রিয়াও পাওয়া যাচ্ছে। এখনও পর্যন্ত প্রায় ৫০ হাজার কারিগর এই প্রকল্পের আওতায় নিজেদের নাম নথিভুক্ত করেছেন।

ভারত সরকারের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রক থেকে পাওয়া তথ্য অনুসারে গতকাল দেশের স্বাধীনতা দিবস উপলক্ষে ভারতের বিভিন্ন রাজ্যের বিশ্বকর্মা সুবিধাভোগীদের মধ্য থেকে পাঁচজনকে কেন্দ্রীয় ভাবে নির্বাচিত করা হয়েছিল এবং রাষ্ট্রপতি ভবনে আয়োজিত ‘এট হোম’ অনুষ্ঠানের জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল। তাদের মধ্যে নির্বাচিত হয়েছেন ত্রিপুরার সোনামুড়া মহকুমার নলছড় গ্রামের একজন কারিগর কর্ণ নমঃ। তাঁর পিতা নিমাই নমঃ। ত্রিপুরার ঐতিহ্যবাহী হস্তকার শিল্পে পারদর্শী এই শিল্পী রাষ্ট্রপতির সচিবালয়ে ‘এট হোম’ কর্মসূচিতে অংশগ্রহণ করে ত্রিপুরার মুখ উজ্জ্বল করেছেন। তার আগে স্বাধীনতা দিবসের সকালে শ্রী নমঃকে সংবর্ধনা দেন কেন্দ্রীয় অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রী জিতন রাম মাঝি। এছাড়াও ভারত সরকারের ডেভেলপমেন্ট কমিশনার (এমএসএমই), রাষ্ট্রপতির সচিবালয় কর্তৃক আমন্ত্রিত এই কারিগরকে সম্মানিত করেছেন।

এটা উল্লেখনীয় যে, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পের অধীনে একজন ঐতিহ্যবাহী কারিগর প্রধানমন্ত্রী বিশ্বকর্মা সার্টিফিকেট ও আইডি কার্ড সংগ্রহ করে কম সুদের হারে ভর্তুকিযুক্ত ব্যাংক ঋণ গ্রহণ করে তার ব্যবসাকে সম্প্রসারণ করতে পারেন। এছাড়াও উন্নত টুলকিট কেনার জন্য সুবিধাভোগীকে ১৫,০০০ টাকার একটি টুলকিট ইনসেন্টিভ সরবরাহ করা হবে। আগ্রহী কারিগররা তাদের নিজ নিজ এলাকার সাধারণ পরিষেবা কেন্দ্রগুলির (কমন সার্ভিস সেন্টার) সহায়তায় প্রধানমন্ত্রী বিশ্বকর্মা পোর্টালে নিজেদের নিবন্ধন করতে পারেন। শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
